

অধ্যক্ষ তোফায়েল চৌধুরীর নিয়োগ বাতিলের দাবী

বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ বিপিসি এবং বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি নেতৃবৃন্দ (বাকশিস) গতকাল তরুবার এক দৃক্ত বিবৃতিতে ৭০ বৎসর বয়স্ক তোফায়েল আহমেদ চৌধুরীকে তেজগাঁও কলেজের অধ্যক্ষ হিসেবে নিয়োগ বাতিলের দাবী জানিয়েছে। বিবৃতিতে তারা জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় আইন ১৯৯২ এর তফসিলের ২ নং সংবিধি ১৪-এর উপধারা ১(গ) অনুযায়ী কোন ব্যক্তির বয়স ৬৫ বৎসর পূর্ণ হওয়ার পর কোনক্রমেই অধ্যক্ষ বা শিক্ষক হিসাবে নিয়োগ বা পুনঃ নিয়োগ পাতের বিধান নেই। বিবৃতিতে স্বাক্ষর করেন প্রফেসর এম শরীফুল ইসলাম, মাজহারুল হান্নান, অধ্যক্ষ হাফিজ উদ্দিন, অধ্যক্ষ মোঃ ইসহাক হোসেন, অধ্যক্ষ মাবেফা খাতুন, ডঃ শামসুল আলম, অধ্যক্ষ নূরুল আনোয়ার, অধ্যক্ষ কামরুন নাহার আহমদ, অধ্যক্ষ রঞ্জিতা শামিম প্রমুখ।